দর্শনা পৌরসভার মেয়র পদে উপ-নির্বাচনসহ ৫ ইউপিতে ভোট ১৬ মার্চ

চুয়াডাঙ্গার দর্শনা পৌর সভায় মেয়র পদে উপ-নির্বাচন এবং আলমডাঙ্গায় দুটি ও জীবননগরে তিনটি ইউনিয়ন পরিষদে সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হতে যাচ্ছে।

গতকাল সোমবার (২৩ জানুয়ারি ) নির্বাচন কমিশন তফসিল ঘোষণা করেন আগামী ১৬ মার্চ এই ছয়টি পরিষদের নির্বাচন অনুষ্টিত হবে ।

দর্শনা পৌরসভার মেয়র পদে উপ-নির্বাচনে রিটার্নিং অফিসার হিসেবে দায়িত্ব পালন করবেন জেলা নির্বাচন অফিসার তারেক আহম্মেদ। ঘোষিত তফশিল অনুযায়ী আগামী ১৯ ফেব্রুয়ারি মনোনয়নপত্র দাখিলের শেষদিন ।

মনোনয়নপত্র বাছাই ২০ ফেব্রুয়ারি, প্রত্যাহার ২৭ ফেব্রুয়ারি।এবং ১৬ মার্চ সকাল সাড়ে ৮টা থেকে ভোটগ্রহণ অনুষ্ঠিত হবে। দামুড়হুদা উজেলার দর্শনা পৌর মেয়র মতিয়ার রহমান গত ২৭ ডিসেম্বর ইন্তেকাল করেন। তার মৃত্যুর পর দর্শনা পৌরসভার ১ নং প্যানেল মেয়র রবিউল হক সুমন দায়িত্ব পালন করছেন।

এদিকে দর্শনা পৌরসভার মেয়র পদে উপ-নির্বাচনে আওয়ামী লীগের দলীয় প্রার্থী মেয়র মতিয়ার রহমানের ছোট ভাই পৌর আওয়ামী লিগের নতুন সভাপতি আতিয়ার রহমান হাবুকে মনোনিত করা হয়েছে ।

এছাড়া দর্শনা পৌর উপ-নির্বাচনে মেয়র পদে কে কে প্রার্থী হবেন তা কয়েক দিনের মধ্যে বোঝা যাবে। অপরদিকে, আলমডাঙ্গা উপজেলার নাগদাহ ইউনিয়ন ও আইলহাঁস ইউনিয়ন এবং জীবননগর উপজেলার উথলী, মনোহরপুর ও কেডিকে ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। নাগদাহ ইউনিয়ন পরিষদে আবুল কালাম আজাদ,আইলহাঁস ইউনিয়নে অ্যাড. আব্দুল মালেক, জীবননগরের উথলী ইউনিয়ন পরিষদে আবুল কালাম আজাদ, মনোহরপুর ইউনিয়নে সোহরাব হোসেন খান এবং কেডিকে ইউনিয়নে খায়রুল বাশার চেয়ারম্যান হিসেবে দায়িত্ব পালন করছেন।